# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 10.09.2026** **Time: 01:30PM**

**বিশেষ বিশেষ খবর –**

১) নেপালে হড়পা বানে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১,৩৭৭। ৫,০০০-এরও বেশি মানুষ নিখোঁজ। # বিহারের বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে।

২) তামিলনাড়ুর দুই বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে, শাসক TVK নেতৃত্বাধীন জোট ও বিরোধী DMK দলের প্রার্থী ঘোষণা। #ভোটগ্রহণ ৬ ই অক্টোবর।

৩) নবম আশিয়ান-ভারত কৃষি সংক্রান্ত বৈঠকের ফাঁকে একাধিক দেশের মন্ত্রীদের সঙ্গে কথা বলেছেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান।

৪) চীনে ভূমিধ্বসে ১৬ জনের প্রাণহানি। #ফিলিপিন্সে একটি ফেরিতে অগ্নিকান্ডের ঘটনায় নিহত ৫।

৫) মহিলাদের এশিয়া কাপের ক্রিকেটের সেমিফাইনালে, ভারত, আজ বাংলাদেশের বিরুদ্ধে খেলবে।

*************************************************************************

নেপালে হড়পা বানে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১,৩৭৭। উদ্ধারকারী দলগুলি আরও মৃতদেহ উদ্ধার করেছে এবং ৫,০০০-এরও বেশি মানুষ এখনও নিখোঁজ রয়েছে। জাতীয় দুর্যোগ ঝুঁকি হ্রাস ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে, সবচেয়ে বেশি মৃত্যুর ঘটনা ঘটেছে চিতওয়ান জেলায়। ক্ষতিগ্রস্ত এলাকাগুলি থেকে ১৩,৬০০-রও বেশি মানুষকে উদ্ধার করা হয়েছে। গত ২৬ আগস্ট নেপাল-তিব্বত সীমান্তের কাছে বরফ ও পাথরের ধ্বসের ফলে সৃষ্ট হড়পা বানে বহু ঘরবাড়ি, যানবাহন, রাস্তাঘাট ও সেতু ধ্বংস হয়, জলবিদ্যুৎ প্রকল্পগুলির প্রভূত ক্ষতি হয়। চীনা সংবাদমাধ্যম জানিয়েছে, চীনের অংশেও অন্তত ৪৩ জন নিহত এবং তিব্বতে ৫০০-রও বেশি মানুষ নিখোঁজ রয়েছেন।

এদিকে, ভারত, নেপালে মানবিক সহায়তা জোরদার করেছে। ১৩০ টনেরও বেশি ত্রাণসামগ্রী পাঠানো হয়েছ এবং অনুসন্ধান, উদ্ধার ও ফরেনসিক কার্যক্রমে সহায়তার জন্য ৫৪ জন বিশেষজ্ঞ কর্মী মোতায়েন করেছে।

*************************************************************************

গঙ্গা, সোন, পুনপুন, গণ্ডক ও বাগমতি নদীর জলস্তর কমে যাওয়ায়, বিহারের বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। জোরদার করা হয়েছে ত্রাণ ও উদ্ধারকাজ। পাটনা, বৈশালী, সারণ, মুঙ্গের, ভাগলপুর ও আরওয়াল-সহ ১৪ টি জেলার ৪০ লক্ষেরও বেশি মানুষ বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন। রাজ্যের সড়ক নির্মাণ মন্ত্রী ইঞ্জিনিয়ার কুমার

শৈলেন্দ্র, রাস্তার ওপর কড়া নজর রাখতে এবং জল নেমে গেলেই দ্রুত মেরামতির ব্যবস্থা করতে, আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। **এদিকে, খাগাড়িয়ার বালতারা এবং কাটিহারের কুরসেলায় পরিস্থিতি এখনও উদ্বেগজনক।** সেখানে কোশি নদী বিপদসীমার প্রায় দেড় মিটার ওপর দিয়ে বইছে। জলসম্পদ দপ্তর ও জেলা প্রশাসনের দল পরিস্থিতির ওপর কড়া নজর রাখছে।

*****************************************************************************

ভারতীয়  আবহাওয়া বিভাগ 'IMD' আজ ওড়িশায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির 'লাল সতর্কতা' জারি করেছে। এর পাশাপাশি আগামী তিন থেকে চার দিন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, আসাম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা, বিহার, ঝাড়খণ্ড, ছত্তিশগড়, কেরালা, মাহে এবং উত্তরাখণ্ডে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে IMD।

আগামী ১৫ তারিখ পর্যন্ত তামিলনাড়ু, পুদুচেরি, কারাইকাল, অন্ধ্রপ্রদেশ, তেলেঙ্গানা, হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ এবং সিকিমে বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, অরুণাচল প্রদেশ, পূর্ব উত্তরপ্রদেশ এবং মধ্যপ্রদেশে আগামীকাল পর্যন্ত একই ধরণের আবহাওয়া থাকবে বলে জানানো হয়েছে।

*****************************************************************************

তামিলনাড়ুতে, টিভিকে-র নেতৃত্বাধীন 'সেক্যুলার সোশ্যাল জাস্টিস ভিক্টরি অ্যালায়েন্স' আগামী ৬ই অক্টোবরের উপনির্বাচনের জন্য তাদের প্রার্থীদের নাম ঘোষণা করেছে। ক্ষমতাসীন জোট যথাক্রমে ধারাপুরম ও মাদুরান্তকম কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সত্যভামা ও মারগাতাম কুমারভেলকে মনোনীত করেছে।

অন্যদিকে, বিরোধী দল DMK মাদুরান্তকম কেন্দ্র থেকে আই. পরানথামন এবং ধারাপুরম বিধানসভা কেন্দ্র থেকে এস. সুগানিয়াকে প্রার্থী করেছে। AIADMK-র নেতৃত্বাধীন জোট অবশ্য এই উপনির্বাচনের জন্য এখনও তাদের প্রার্থীদের নাম ঘোষণা করেনি।

এই উপনির্বাচনের জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার প্রক্রিয়া গতকাল শুরু হয়েছে, চলবে ১৬ই  সেপ্টেম্বর পর্যন্ত। আগামী ১৭ই সেপ্টেম্বর জমা পড়া মনোনয়নপত্রগুলো যাচাই করা হবে এবং প্রার্থীরা ১৯শে সেপ্টেম্বর পর্যন্ত তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করতে পারবেন।

উল্লেখ্য, AIADMK-র দুই বিধায়ক মারাগাথাম কুমারভেল এবং সত্যভামা তাঁদের বিধানসভা সদস্যপদ থেকে ইস্তফা দিয়ে টিভিকে-তে যোগ দেওয়ায় মাদুরান্তকম ও ধারা পুরম আসন দুটি শূন্য হয়েও যায় ।

*****************************************************************************

TVK বিধায়ক ভি এস বাবুকে, আজ ভোরে শ্বাসকষ্টজনিত সমস্যার কারণে হাসপাতালে ভর্তি করা হয়েছে। কোলাথুর বিধানসভা কেন্দ্রের ৭৫ বছর বয়সী এই বিধায়ক, প্রাক্তন মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিনকে পরাজিত করেছিলেন।

*********************************************************************************

পাঞ্জাবের প্রাক্তন মন্ত্রী ও বিজেপি নেতা ভগত চুন্নি লাল প্রয়াত। বয়স হয়েছিল ৯৪ বছর। জলন্ধরে দীর্ঘ অসুস্থতার পর তিনি আজ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। আজ সন্ধ্যায় তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে। শ্রী চুন্নি, ২০১২ সালে তৎকালীন অকালি দল-বিজেপি সরকারের মন্ত্রিসভায় ছিলেন।

*********************************************************************************

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান, মালয়েশিয়া, তিমুর-লেস্তে এবং মায়ানমারের সংশ্লিষ্ট মন্ত্রীদের সঙ্গে উচ্চ-পর্যায়ের দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। নতুন দিল্লিতে অনুষ্ঠিত নবম আসিয়ান-ভারত কৃষি ও অরণ্য বিষয়ক মন্ত্রী পর্যায়ের বৈঠকের ফাঁকে এই বৈঠকগুলি অনুষ্ঠিত হয়। মালয়েশিয়ার কৃষি ও খাদ্য নিরাপত্তা মন্ত্রী মোহাম্মদ বিন সাবুর সঙ্গে বৈঠকের সময়, শ্রী চৌহান জ্ঞান, দক্ষতা এবং সর্বোত্তম কর্মপদ্ধতি বিনিময়ের গুরুত্বের ওপর জোর দেন। কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ভারত ও মালয়েশিয়ার মধ্যে ঘনিষ্ঠ ও শক্তিশালী অংশীদারিত্ব আরও সুদৃঢ় করতে জার্মপ্লাজম বিনিময়, বাণিজ্য এবং বাজার সুবিধা সংক্রান্ত দ্বিপাক্ষিক বিষয়গুলি পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সমাধান করা সম্ভব বলে বৈঠকে উভয় মন্ত্রী উল্লেখ করেন।

তিমুর-লেস্তের কৃষিমন্ত্রী মার্কোস দা ক্রুজ, কৃষিক্ষেত্রের বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা এবং দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উভয় পক্ষের মধ্যে শক্তিশালী প্রাতিষ্ঠানিক কাঠামো গড়ে তোলার আগ্রহ প্রকাশ করেন।

এছাড়া, শ্রী চৌহান, মায়ানমারের কৃষি মন্ত্রী মিন নাউং-এর সঙ্গেও বৈঠক করেন। উভয় পক্ষ দুই দেশের মধ্যে বাণিজ্যের সম্ভাবনা নিয়েও আলোচনা করে এবং পারস্পরিকভাবে চিহ্নিত ক্ষেত্রগুলিতে শক্তিশালী অংশীদারিত্ব ডাল, তুলা, দুগ্ধ উন্নয়ন এবং কৃষি শিক্ষার মতো কৃষি-সংশ্লিষ্ট পণ্যের বাণিজ্য বৃদ্ধিতে একে অপরকে সহায়তা করবে বলে আশ্বাস দেয়।

*********************************************************************************

ব্রিকস (BRICS) সম্মেলনের প্রাক্কালে নিরাপত্তা জোরদার করতে জাতীয় রাজধানীজুড়ে আজ থেকে চলতি মাসের ১৪ তারিখ পর্যন্ত ড্রোনসহ অন্যান্য ছোট আকাশযানের ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করেছে দিল্লি পুলিশ। এই বিধিনিষেধ আগামী সোমবার পর্যন্ত কার্যকর থাকবে।

*********************************************************************************

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ভারতে 'জাপান এয়ার সেলফ-ডিফেন্স ফোর্স'-এর যুদ্ধবিমানের প্রথম সফরকে, ভারত-জাপান প্রতিরক্ষা অংশীদারিত্বের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে অভিহিত করেছেন।

সমাজমাধ্যমের এক বার্তায় তিনি বলেন, এই সফর উভয় দেশের মধ্যে ক্রমবর্ধমান আস্থা এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার ক্ষেত্রে যৌথ অঙ্গীকারের প্রতিফলন। শ্রী সিং জানান, নতুন দিল্লিতে গত মাসে জাপানের প্রতিরক্ষামন্ত্রী শিনজিরো কোইজুমির সঙ্গে আলোচনার প্রেক্ষিতেই এই পদক্ষেপ। 'বীর গার্ডিয়ান'-এর মতো যৌথ মহড়া ও পারস্পরিক সফরের আদান-প্রদান এই সহযোগিতামূলক সম্পর্ককে আরও সুদৃঢ় করে তুলবে বলেও মন্তব্য করেন তিনি।

*************************************************************************

চীনের দক্ষিণ-পূর্বাঞ্চলে অতিবৃষ্টির জেরে ভূমিধসে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১৬। সেদেশের জিয়াংশি প্রদেশের সুইচুয়ান কাউন্টির তিনটি শহর জুড়ে এই প্রাণহানির ঘটনাগুলির খবর পাওয়া গেছে। চীনের পূর্ব উপকূলে টাইফুন সাউডেল-এর কারণে পর পর টানা কয়েক দিন ধরে ভারী বৃষ্টি হয়। ভূমিধসের জেরে গাওপিং শহরে ১৩ জন, জুওআনয়ে ২ জন এবং তাংহুতে ১ জন প্রাণ হারিয়েছেন। সুইচুয়ান কাউন্টি থেকে প্রায় ১৮ হাজারেরও বেশি মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে।

অন্যদিকে, টাইফুনের প্রভাবে ভারী বৃষ্টির ফলে পার্শ্ববর্তী হুনান প্রদেশে আরও ২ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

উল্লেখ্য, টাইফুন সাউডেল গত ২৮শে আগস্ট ঝেজিয়াং প্রদেশে প্রথমবার এবং পরবর্তীকালে ৩রা সেপ্টেম্বর ক্রান্তীয় ঝড়ে রূপান্তরিত হয়ে ফুঝিয়ান প্রদেশে দ্বিতীয়বার আঘাত হানে।

*************************************************************************

ফিলিপিন্সে পালাওয়ান প্রদেশের কাছে একটি ফেরিতে অগ্নিকান্ডে পাঁচজনের মৃত্যু হয়েছে। নিখোঁজ ৮৬ জন। সেদেশের উপকূলরক্ষী বাহিনী জানিয়েছে, জনপ্রিয় পর্যটন স্থান কোরনের কাছে MV জুন অ্যাস্টার ফেরিতে আগুন লাগে। ৪৩ জনকে উদ্ধার করা হয়েছে। যাত্রী এবং ক্রু সদসয়ও সহ ওই ফেরিতে ১৩৪ জন ছিলেন।

*************************************************************************

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, আগামী নভেম্বরের নির্বাচনের আগে ইরান যুদ্ধ শেষ হবে বলে তিনি মনে করেন না। একইসঙ্গে , নির্বাচনের আগে তেলের দাম কমবে না বলেও তিনি মন্তব্য করেন।

এদিকে, ট্রাম্প গতকাল বলেন, নির্বাচনের পরেই অবিলম্বে এই যুদ্ধ শেষ হয়ে যাবে। এর পাশাপাশি তিনি অভিযোগ করেন, ইরান আমেরিকার নির্বাচনকে প্রভাবিত করার চেষ্টা করছে। তবে, এই দাবির সপক্ষে তিনি কোনো প্রমাণ পেশ করেননি।

*************************************************************************

স্লোভেনিয়ায় নিজেদের প্রথম দূতাবাস চালু করলো ইজরায়েল। লুব্লিয়ানায় উদ্বোধনী অনুষ্ঠানে ইজরায়েলের বিদেশমন্ত্রী গিডিয়ন সার, এই ঘটনাকে 'ঐতিহাসিক' হিসেবে অভিহিত করেন। এই দূতাবাস বৃহত্তর সংলাপ ও সহযোগিতার পথ প্রশস্ত করবে বলে স্লোভেনিয়ার বিদেশমন্ত্রী টোন কাইজার আশা প্রকাশ করেন।

এদিকে, স্লোভেনিয়ায় শতাধিক প্যালেস্তাইন-পন্থী বিক্ষোভকারী জড়ো হয়ে দূতাবাস বন্ধের দাবি জানান।

এর আগে, স্লোভেনিয়ার পূর্ববর্তী মধ্য-বামপন্থী সরকার ২০২৪ সালে প্যালেস্তাইন রাষ্ট্রকে স্বীকৃতি দিয়েছিল এবং ২০২৫ সালে ইজরায়েলের ওপর বিভিন্ন নিষেধাজ্ঞা আরোপ করেছিল।

***********************************************************************

ইরানের হরমুজগান প্রদেশের কেশম দ্বীপ, সিরিক ও মিনাব প্রদেশ সহ উপকূলীয় অঞ্চলজুড়ে একাধিক বিস্ফোরণের খবর পাওয়া গেছে। এ বিষয়ে আর কোনো বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।

এদিকে, সৌদি আরবের কিং ফাহাদ বিমান ঘাঁটির কাছেও বেশ কয়েকটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। তায়েফ শহরেও অন্তত ২ টি শক্তিশালী বিস্ফোরণ ঘটেছে বলে জানা গেছে।

***********************************************************************

মহিলাদের এশিয়া কাপের ক্রিকেটের সেমিফাইনালে, আজ দুবাইয়ে ভারত, বাংলাদেশের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে ভারতীয় সময় রাত ৮ টায়। হরমনপ্রীত কৌরের নেতৃত্বাধীন ভারত প্রতিযোগিতায় এখনও পর্যন্ত অপরাজিত। অন্যদিকে, গ্রুপ বি-তে দ্বিতীয় স্থানে থেকে সেমিফাইনালে উঠেছে বাংলাদেশ।

অন্য সেমিফাইনালে, আগামিকাল পাকিস্তান, শ্রীলঙ্কার বিরুদ্ধে খেলবে।

***********************************************************************